

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
www.dme.gov.bd



গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,
ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৮.৩৬

তারিখ: ৩ জ্যৈষ্ঠ ১৪২৭

১৭ মে ২০২০

বিষয়: তথ্য প্রযুক্তি ব্যবহার করে পাঠদান কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস সংক্রমণ রোধে বন্ধ মাদ্রাসাসমূহের শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখতে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ৬ষ্ঠ শ্রেণি হতে ১০ম শ্রেণি পর্যন্ত আমার ঘরে আমার মাদ্রাসা শীর্ষক তথ্য প্রযুক্তি নির্ভর দূরশিক্ষণ পদ্ধতি চালু করেছে যা সংসদ টেলিভিশনে প্রচার হয়ে থাকে।

এছাড়া কিছু মাদ্রাসার শিক্ষক নিজস্ব উদ্যোগে “বাংলাদেশ অনলাইন মাদ্রাসা” শিরোনামে শিক্ষা কার্যক্রম চালু করেছেন। এতে বিপুল সংখ্যক শিক্ষার্থী অংশগ্রহণ করছে এবং উপকৃত হচ্ছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী এবং মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয় করোনা মহামারীকালীন শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার উপর বিশেষ গুরুত্ব আরোপ করেছেন।

সংসদ টেলিভিশনে প্রচারিত অনলাইন ক্লাসসমূহ অনেক সময় শিক্ষার্থীরা মিস্ করে থাকে। এসব ক্লাসের কনটেন্টসমূহ ইউটিউব চ্যানেল এবং কিশোর বাতায়নে রয়েছে। এ সকল কনটেন্ট শিক্ষার্থীরা যাতে বারবার দেখতে পারে সেজন্য সামাজিক যোগাযোগের মাধ্যমে প্রচারের নিমিত্ত জেলা ভিত্তিক বড় বড় মাদ্রাসায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল। প্রয়োজনে এ ব্যাপারে জেলা প্রশাসনের সহযোগিতা নেয়া যেতে পারে।

১৭-৫-২০২০

সফিউদ্দিন আহমদ

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

জেলা শিক্ষা অফিসার

সকল জেলা

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৮.৩৬/১

তারিখ: ৩ জ্যৈষ্ঠ ১৪২৭

১৭ মে ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) জেলা প্রশাসক, সকল জেলা
- ৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা
- ৪) সভাপতি গর্ভণিং বডি/ম্যানেজিং কমিটি, সকল মাদ্রাসা
- ৫) অধ্যক্ষ/সুপার, সকল মাদ্রাসা

১৭-৫-২০২০

মোঃ সাইফুল ইসলাম

উপ-পরিচালক